

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 14-11-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) বিহারের ২৪৩টি বিধানসভা নির্বাচনে এন.ডি.এ বিপুল জয় পেতে চলেছে।
- (২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নালু ডায়াবেটিস সম্পর্কে মানুষকে আরো সচেতন করে তোলার উপর গুরুত্ব আরোপ করেছেন।
- (৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ২০২০-র নতুন জাতীয় শিক্ষানীতি ভারতের প্রাচীন শিক্ষা ঐতিহ্য এবং গোরব ফিরিয়ে আনতে সক্রিয়।
- (৪) ৭২তম অর্থিল ভারত সমবায় সপ্তাহ উপলক্ষে আজ আগরতলার পূর্বাশা প্রাঙ্গনে চারদিনব্যাপী সমবায় মেলা শুরু হয়েছে।

\*\*\*\*\*

**Bihar election :**

বিহার বিধানসভা নির্বাচনে এন.ডি.এ বিপুল জয় পেতে চলেছে। এপর্যন্ত প্রাপ্ত পরিসংখ্যান অনুযায়ী এনডিএ রাজ্য বিধানসভা নির্বাচনে নিরঙুশ জয়ের দিকে এগিয়ে যাচ্ছে।

২৪৩টি আসনের মধ্যে বিজেপি ৭৬ আসনে, জেডিইউ ৫৬ আসনে, এইচএএম ২ আসনে, এলজেপি (আরভি) ১৩ আসনে, আরজেডি ১৬ আসনে, কংগ্রেস ৩টি আসনে জয়ী হয়েছে।

আলিনগর আসনে বিজেপির মৈথিলী ঠাকুর এবং সিওয়ানে বিজেপির বর্ণিত নেতা মঙ্গল পাণ্ডে জয়ী হয়েছেন।

মহাজোটের মুখ্যমন্ত্রী পদপ্রার্থী আরজেডি-র তেজস্বী প্রসাদ যাদব রাঘোপুর আসন থেকে জয়লাভ করেছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সঞ্চয় বিজেপির সদর দপ্তরে পৌঁছোলে তাঁকে উফ্ফ অভ্যর্থনা জানানো হয়। তিনি NDA এর সমস্ত দলের পক্ষ থেকে বিহারের জনগণের প্রতি কৃতজ্ঞতা ও শ্রদ্ধা জানান। তিনি বলেন NDA জনতা জনার্দনের সেবক। এবার নির্বাচনে বিকশিত বিহারের জন্য বিহার বাসীরা ভোট দিয়েছেন বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বিশেষ করে রাজ্যের মহিলা ও যুবাদের অভিনন্দন জানান। তিনি বলেন, দেশে এখন তৃষ্ণিকরনের বদলে সন্তুষ্টিকরনের মানুষ বিশ্বাসী। তিনি বলেন, সুশাসন ও ন্যায়বিচারের পক্ষে বিহারের মানুষ নিজেদের রায় দিয়েছেন।

অনুষ্ঠানে বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড়া দলীয় কার্যকর্তাদের পক্ষ থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে অভিনন্দন জানান। শ্রী নাড়া বিজেপির এই জয়ের জন্য বিহারের দলীয় কার্যকর্তা এবং ভোটদাতাদের ধন্যবাদ জানান। তিনি বলেন মহিলা, যুবক, কৃষক সহ সমাজের সর্বস্তরের মানুষ নরেন্দ্র মোদী সরকার এবং নীতিশ কুমারের শাসনব্যবস্থার ওপর আস্থা প্রদর্শন করেছেন। তিনি বলেন উন্নয়নের প্রতিফলন ঘটেছে বিহারের বিধানসভা নির্বাচনে।

\*\*\*\*\*

### **CM Reaction-Bihar :**

বিহারে এনডিএ জয়ে প্রতিক্রিয়া জানাতে গিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন বিহারের জয় নিশ্চিত ছিল। তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও বিহারের মুখ্যমন্ত্রী নীতিশ কুমার সহ বিজেপি'র কেন্দ্রীয় নেতৃবৃন্দকে অভিনন্দন জানিয়েছেন।

\*\*\*\*\*

### **World Diabetes Day :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু ডায়াবেটিস সম্পর্কে মানুষকে আরো সচেতন করে তোলার উপর গুরুত্ব আরোপ করেছেন। আজ বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষে আগরতলার নজরুল কলাক্ষেত্রে ডায়াবেটিস ওয়েলফেয়ার সোসাইটি আয়োজিত সচেতনতামূলক রেলির উদ্বোধন করে তিনি বলেন, ডায়াবেটিস

প্রতিরোধ করতে হলে জীবনশৈলীর পরিবর্তন করা দরকার। নিয়মানুবর্তিতা, শরীরচৰ্চা ও খাদ্যাভাস এই বিষয়গুলি সম্পর্কে সবাইকে ভালোভাবে অবগত হতে হবে। মানসিকভাবে নিজেকে সাবলীল রাখতে গেলে ধ্যান করা অত্যন্ত জরুরি। তিনি বলেন, গ্রামীণ মানুষের জীবনযাত্রায় ডায়াবেটিস রোগের প্রবণতা অনেকটাই কম থাকে। কারণ তারা শহরের লোকের চেয়ে শারীরিক পরিশ্রম বেশি করেন।

# ##### Byte-Governor#####

অনুষ্ঠানে ডায়াবেটিস ওয়েলফেয়ার সোসাইটির কর্ধার ডাঃ স্বপন সরকার বলেন, এবছর বিশ্ব ডায়াবেটিস দিবসের ভাবনা ডায়াবেটিস ও সুস্থতা। এই অনুষ্ঠানেই পতাকা নেড়ে সচেতনতা রেলির উদ্বোধন করেন রাজ্যপাল।

\*\*\*\*\*

#### **TIUT-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ২০২০-র নতুন জাতীয় শিক্ষানীতি ভারতের প্রাচীন শিক্ষা প্রতিহ্য এবং গৌরব ফিরিয়ে আনতে সক্রিয়। আজ আগরতলার মহেশখলায় টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটি বেশকিছু পরিকাঠামো ও সহযোগী সুবিধার উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে সারাদেশে এরজন্য দ্রুত ব্যাপক সংখ্যায় উচ্চশিক্ষা পরিকাঠামো গড়ে তোলার কাজ এগিয়ে চলেছে। মুখ্যমন্ত্রী আজ এই বিশ্ববিদ্যালয়ের নলেজ ক্যাম্পাস, টেগোর লাউঞ্জ উদ্বোধনের পাশাপাশি ছেলে ও মেয়েদের হোস্টেল, প্রেস্কাগৃহ, উপাচার্য আবাস, কর্মী আবাস সহ আরও বিভিন্ন সুবিধার ভিত্তি প্রস্তর স্থাপন করেন তিনি। অনুষ্ঠানে বক্তব্য রাখেন উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ।

\*\*\*\*\*

#### **Governer-Udaipur :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাম্বু আজ উদয়পুর পঞ্চায়েত রাজ প্রশিক্ষণ কেন্দ্রে এডিসি এলাকার বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের পর্যালোচনা বৈঠক করেন। বৈঠকে এডিসি এলাকার গোমতি জ্যোনালের বিভিন্ন দপ্তরের আধিকারিকদের সঙ্গে রাজ্যপাল মত বিনিময় করেন। তিনি জনজাতিদের সার্বিক বিকাশের লক্ষ্যে শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ, কৃষি, সমবায়, বিদ্যুৎ, পি এম জনমন ইত্যাদি কেন্দ্রীয় প্রকল্পের দ্রুত বাস্তবাবলের উপর ওরুষ আরোপ করেন। এর আগে রাজ্যপাল জনজাতি গৌরব দিবস উদযাপন অনুষ্ঠানে অংশ নেন। সেখানে সমাজপতিদের সঙ্গেও তিনি মত বিনিময় করেন। অনুষ্ঠানে বিশ্ব হিন্দু পরিষদের ক্ষেত্র সংঘটন মন্ত্রী উক্তর দীনেশ তিওয়ারি, প্রান্ত সভাপতি শচীন কলই প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Minister Sudhangshu Das :**

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ দুপুরে উন্কোটি জেলার ফটিকরায় তহশিল কাছারীর নবনির্মিত ভবনের আনুষ্ঠানিক দ্বারোদঘাটন করেন। ভবনটি নির্মাণে ব্যয় হয়েছে, ২৯ লক্ষ ১৫ হাজার টাকা। উদ্বোধকের ভাষণে মন্ত্রী সুধাংশু দাস বলেন, জনগণের চাহিদাকে সম্মান দিয়ে "উন্নত রাজ্য" গঠনে রাজ্য সরকার উন্নয়নমূলক কাজ করে চলেছে। রাজ্যে বর্তমানে মাথাপিছু গড় আয় ১ লক্ষ ১৮ হাজার টাকা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, উন্কোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ প্রমুখ।

\*\*\*\*\*

### **CM-Otolaryngologists :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার প্রজ্ঞাভবনে অটোলারিঙ্গোজিস্টদের সংগঠন NEBAOI র উত্তর পূর্ব শাখার দুদিনব্যাপী ৩৬তম বার্ষিক সম্মেলনের উদ্বোধন করেন। তিনি বলেন, চিকিৎসা পরিষেবায় ই.এন.টি সার্জনদের ভূমিকা খুবই ওরুষপূর্ণ। তিনি বলেন, শহরের পশাপাশি গ্রামীন এলাকাতেও স্বাস্থ্য পরিষেবা দ্রুত উন্নয়নে রাজ্য সরকার অগ্রাধিকার দিয়ে কাজ করছে। রাজ্যের প্রত্যেকটি হাসপাতালে

পরিকাঠামো উন্নয়নের বিষয়েও তিনি বিস্তারিত উল্লেখ করেন। বঙ্গব্য রাখেন স্বাস্থ্য সচিব কিরণ গিতে, সম্মেলনের সংগঠক ডাঃ শক্তি চক্রবর্তী প্রমুখ। সম্মেলনে তিনি জন প্রথ্যাত চিকিৎসক ডাঃ প্রোমথেশ রায়, ডাঃ প্রভাতী পুরকায়স্থ ও ডাঃ অধিল চন্দ্র শর্মাকে লাইফ টাইম অ্যাচিভমেন্ট সম্মান প্রদান করা হয়।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

##### Sound Byte #####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলাটিস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **Cooperative Fair :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ৭২তম অধিল ভারত সমবায় সঞ্চাহ উপলক্ষে আজ আগরতলার পূর্বাশা প্রাঙ্গনে চারদিনব্যাপী সমবায় মেলার উদ্বোধন করেন। উপস্থিতি ছিলেন সমবায় মন্ত্রী শুঙ্গ চৱন নোয়াতিয়া, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, পশ্চিম জেলার জিলা সভাধাপতি বিশ্বজিত শীল।

\*\*\*\*\*

### **President :**

রাষ্ট্রপতি দ্বোপদী মূর্ম আজ শিশু দিবস উপলক্ষে রাষ্ট্রপতি ভবন সাংস্কৃতিক কেন্দ্রে বিভিন্ন স্কুল ও সংগঠনের শিশুদের সঙ্গে মতবিনিময় করেন। সামাজিক মাধ্যমে রাষ্ট্রপতি বলেছেন যে শিশুরা জাতির ভবিষ্যৎ, এবং তাদের আন্তরিক ও বাহ্যিক নাগরিক হিসেবে গড়ে তোলা অপরিহার্য।

\*\*\*\*\*

### **Sit & Draw Competition :**

শিশু দিবস উপলক্ষে আজ আগরতলায় ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের কার্যালয় প্রাঙ্গণে শিশুদের বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়। এতে প্রায় চার শতাধিক প্রতিযোগী অংশ নেয়। প্রতিযোগিতার উদ্বোধন করে ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা বলেন, রাজ্যের যে সমস্ত শিশু অবহেলিত ও উপেক্ষিত রয়েছে তাদের সুরক্ষা দেবার জন্য ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশন প্রস্তুত রয়েছে। শিশুদের সুরক্ষিত রাখার জন্য কমিশন প্রতিনিয়ত কাজ করে চলেছে। শিশুদের নানাবিধ সমস্যা সমাধানের জন্য টোল ফ্রি ১০৯৮ নম্বরের চাইল্ড হেল্পলাইন চালু করা হয়েছে। উপস্থিতি ছিলেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস, কমিশনের সদস্য সচিব মাধব পাল প্রমুখ।

\*\*\*\*\*

### **District Level Children's Day-Khowai :**

খোয়াই জেলা শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ জানুয়ারা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে জেলাভিত্তিক শিশু দিবস উদযাপন করা হয়। উপস্থিতি ছিলেন জেলা শিক্ষা দপ্তরের ও.এস.ডি মতিলাল দেববর্মা, স্কুল ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যান বিজয় কুমার দেবনাথ প্রমুখ।

\*\*\*\*\*

### **Children's Day :**

দেশের প্রথম প্রধানমন্ত্রী জহরলাল নেহেরুর জন্মদিন উপলক্ষ্যে আজ কংগ্রেস ভবনে আয়োজিত অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক গোপালচন্দ্র রায় এবং দলীয় পতাকা উত্তোলন করেন কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা। নেহেরুর প্রতিকৃতিতে পৃষ্ঠার্ঘ্য অর্পণ করেন কংগ্রেস নেতৃত্ব। পরে গান্ধীঘাট শহীদ বেদীতে পৃষ্ঠার্ঘ্য অর্পণ করেন বিধায়ক সুদীপ রায় বর্মন সহ দলীয় নেতৃত্বন্ত।

\*\*\*\*\*

### **State-Level Children's Day-Bishalgarh :**

বিশালগড় টাউন হলে আজ রাজ্যভিত্তিক শিশু দিবস উদযাপন করা হয়। উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেট্রী সুপ্রিয়া দাস দত্ত। তিনি বলেন, আজকের শিশুই আগামীর ভবিষৎ। তাদেরকে সুশিক্ষায় যেমন শিক্ষিত হতে হবে, তেমনি শিক্ষক-অভিভাবক সহ সমাজের সব অংশের মানুষের মিলিত প্রয়াসে তাদের জন্য গড়ে তুলতে হবে সুস্থ, সুন্দর পরিবেশ পরিম্বল। বক্তব্য রাখেন বিধায়ক সুশান্ত দেব, বিশালগড় পুর পরিষদের চেয়ারপার্সন অঞ্জন পুরকায়স্থ, বুনিয়াদি শিক্ষা দপ্তরের অধিকর্তা রাজীব দত্ত প্রমুখ।

\*\*\*\*\*

### **Sankha Pallab Aditya :**

প্রয়াত হলেন কবি শঙ্খ পল্লব আদিত্য। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৩ বছর। আজ দুপুরে তিনি আগরতলায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি তাঁর প্রাথমিক শিক্ষা কুমিল্লার ঈশ্বর চন্দ্র পাঠশালাতে থেকে করেন। তাঁর কর্মজীবন শুরু ও শেষ হয় আগরতলা প্রগতি বিদ্যাভবন থেকে। আধুনিক কবিতার ক্ষেত্রে তিনি ছিলাম একজন ব্যতিক্রমী কবি।

\*\*\*\*\*

### **Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন ডিজিটাল রেশন কার্ড ব্যবস্থার মাধ্যমে গনবন্টন পরিষেবা হবে আরও স্বচ্ছ, দ্রুত ও জনবান্ধব হবে। আজ তেলিয়ামুড়া মহকুমার কৃষ্ণপুর বিধানসভার অন্তর্গত লক্ষ্মীপুর সরকারি ন্যায্য মূল্যের দোকানে ডিজিটাল রেশন কার্ড বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন।

\*\*\*\*\*

### **Media Workshop :**

উন্কোটি জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির উদ্যোগে আজ কৈলাশহরস্থিত জিলা পরিষদের মিলনায়তনে সাংবাদিকদের নিয়ে সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় কেন্দ্রীয় সরকারের আয়ুষ্যান ভারত - প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা, টিবি মুক্ত ভারত, টিকাকরণ সহ বিভিন্ন বিষয়ে সাংবাদিকদের অবহিত করা হয়। উপস্থিতি ছিলেন, উন্কোটি জেলার CMO ডাঃ শীর্ষেন্দু চাকমা, জেলা পরিবার কল্যাণ আধিকারিক ডাঃ সঞ্জয় রুদ্রপাল, জেলা টিবি আধিকারিক ডাঃ সুভাষ বড়ুয়া, আশা নোডাল অফিসার ডাঃ অয়ন রায় প্রমুখ।

\*\*\*\*\*

### **Run For Unity-Dhalai :**

সর্দার বল্লভ ভাই পাটেলের সার্ধ শতবর্ষ উপলক্ষ্মে আজ কমলপুরে ধলাই জেলাভিত্তিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। কমলপুরের নেতাজি চৌমুহনীতে আয়োজিত অনুষ্ঠানে সর্দার বল্লভ ভাই প্যাটেলের জীবন ও কর্মধারা নিয়ে আলোচনা করেন বিধায়ক মনোজ কাণ্ঠি দেব। উপস্থিতি ছিলেন বিধায়ক স্বপ্না দাস পাল, কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারম্যান প্রশান্ত সিনহা প্রমুখ। নেতাজি চৌমুহনী থেকে শুরু হয় রান ফর ইউনিটি বা একতা যাত্রা। দীর্ঘ ৫ কিমি পথ অতিক্রম করে একতা যাত্রা সমাপ্ত হয় মানিকভান্ডার হরচন্দ্র দ্বাদশ বিদ্যালয়ে।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭.৪ ডিগ্রি সেলসিয়াস।

\* \* \* \* \*